

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮৬৪

জিরানীয়া, ২৮ নভেম্বর, ২০২৩

ভোটার তালিকার বিশেষ সংশোধনী  
জিরানীয়া মহকুমায় সচেতনতামূলক সভা

ভোটার তালিকার বিশেষ সংশোধনী নিয়ে আজ জিরানীয়া মহকুমায় এক সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। মহকুমার চম্পকনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সিস্টেমটিক ভোটার্স এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন কর্মসূচিতে এই সচেতনতামূলক সভার আয়োজন করা হয়। সভায় নতুন ভোটারদের ভোটার তালিকায় নাম নথিভুক্ত করতে উৎসাহিত করার জন্য গুরুত্ব আরোপ করা হয়। সভায় নতুন ভোটারদের ভোটার তালিকায় নাম নথিভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের এপিডি বিপুল কর্মকার। তাছাড়াও সচেতনতামূলক এই সভায় সিস্টেমটিক ভোটার্স এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন নিয়ে আলোচনা করেন ইয়ুথ আইকন মিঠুন দেববর্মা ও বিদ্যালয়ের অধ্যক্ষ দ্বিজলাল দেবনাথ। সভায় শপথ বাক্য পাঠ করান জিরানীয়া মহকুমার ডিসি শ্যামল দেববর্মা। সভায় নির্বাচন সংক্রান্ত বিষয় নিয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*